

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ মহিলা ও পর্দা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মহিলা কি ড্রাইভিং করতে পারে?

শরীয়তের দুটি নীতি আছেঃ

- ১। যে বৈধ কাজ অবৈধ কোন কাজকে টেনে নিয়ে যায়, তা অবৈধ।
- ২। মঙ্গল আনয়ন অপেক্ষা অমঙ্গল দূর করা অধিক প্রাধান্যযোগ্য।

এই নীতির আলোকে বলা যায় যে, মহিলা ড্রাইভিং করতে পারে না। যেহেতু তারা ড্রাইভিং করলে পর্দায় তাঁদেরকে চেহারা খুলতে হবে। তেল ভরতে হবে, টায়ার ইত্যাদি পরিবর্তন করতে, চেক পয়েন্টে, পথে গাড়ী বিকল হলে পুরুষদের সাথে কথা বলতে হবে। নির্জন জায়গায় বিকল হলে তাকে বিপদে পড়তে হবে। তার যৌবন তাকে অজানা সর্বনাশের দিকে নিয়ে যাবে। এ ছাড়া আরো অনেক কারণে মহিলাদের জন্য ড্রাইভিং বৈধ নয়। ৫১৩ (ইবনে উষাইমীন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=389

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন